তারিখ ... 3 JUL 2009 ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৭ ...

সংবাদ

# ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি বহাল থাকবে

২০১১ সালে মাদ্রাসা শিক্ষা ধারায় দাখিল স্তরে বাংলা ও ইসলামের ইতিহাস বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সরকার শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করেছে। পর্যায়ক্রমে সব মাধ্যমিক ও সমমান স্তরের শিক্ষা ধারায় বিদ্যমান প্রশ্ন পদ্ধতির স্থলে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি প্রবর্তন তার অন্যতম। এ সম্পর্কিত পূর্বতন সিদ্ধান্তসমূহের বাস্তবায়নে সময়সূচি পর্যালোচনা করে সরকার একাধিক সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২০০৯ শিক্ষাবর্ষে সাধারণ শিক্ষা ধারায় ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে সৃজনশীল প্রশ্ন পদ্ধতির আওতাভুক্ত সব বিষয়ে এ পদ্ধতি চালু থাকবে।

২০১১ সালের এসএসসি পরীক্ষায় বাংলা ১ম পত্র ও ধর্ম শিক্ষা বিষয়সহ সাধারণ শিক্ষা ধারার মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান শাখায় আরও দু'টি করে বিষয় যুক্ত হবে। মানবিক শাখায় ভূগোল ও সাধারণ বিজ্ঞান, বাণিজ্য শাখায় ব্যবসায় পরিচিতি এবং সাধারণ বিজ্ঞান এবং বিজ্ঞান শাখায় রসায়ন বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান। পূর্ব ঘোষণা অনুযায়ী ২০১০ সালের এসএসসি পরীক্ষায় বাংলা প্রথম পত্র ও ধর্ম শিক্ষা বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মাধ্যমিক ও সমমান স্তরে পূর্ণাঙ্গভাবে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে

পদ্ধতি : ॥ পৃঃ ২ কঃ ৭

## পদ্ধতি : সৃজনশীল

(১২ পৃষ্ঠার পর)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। তথ্য বিবরণী।